নেমাডেক্স®(ভেট) বোলাস
Nemadex®(Vet) Bolus
(মেবেন্ডাজল বিপি)

কার্যকরী উপাদানঃ
প্রতিটি বোলাসে রয়েছে -
মেবেন্ডাজল বিপি ৭৫০ মি. গ্রা.

বিবরণঃ মেবেন্ডাজল হল বেনজিমিডাজল গ্রুপের যৌগসমূহের অন্তর্ভুক্ত একটি বিস্তীর্ণ বর্ণালীর কৃমিনাশক যার পাকস্থলীর গোলকৃমি ও ফুসফুসের কৃমির বিরুদ্ধে কার্যকারীতা রয়েছে।

ফার্মাকোলজি/কার্যাবলীঃ মেবেন্ডাজল কৃমির মাইক্রোটিউবুল্স গঠনে বাধা প্রদান করে বিধায় প্রাণির দেহ থেকে গ্লুকোজ গ্রহণ বাধাগ্রস্থ হয়, ফলে কৃমি টিকে থাকার জন্য কৃমির দেহে মজুদকৃত গ্লাইকোজেনের উপর নির্ভর করে এবং এক পর্যায়ে মজুদকৃত গ্লাইকোজেনও নিঃশেষ হয়ে যায়, যার ফলে কৃমি নিষ্ক্রিয় ও অবশ হয়ে প্রাণির দেহ থেকে মলের মাধ্যমে নির্গত হয়।

নির্দেশনা/ব্যবহার ক্ষেত্রঃ নেমাডেক্স (ভেট) গবাদি প্রাণির সব ধরনের কৃমি যেমন-গোলকৃমি, সূতাকৃমি, ফিতাকৃমি ও বক্রকৃমির বিরুদ্ধে অত্যন্ত কার্যকর।

মাত্রা ও প্রয়োগবিধিঃ
গরু ও মহিষঃ ১ টি **নেমাডেক্স (ভেট)** বোলাস ৫০-১০০ কেজি দৈহিক ওজনের জন্যে প্রয়োগ করতে হবে।
ছাগল ও ভেড়াঃ ১০-১৫ মি.গ্রা. মেবেন্ডাজল প্রতি কেজি দৈহিক ওজনের জন্যে প্রয়োগ করতে হবে।
অথবা ১টি বোলাসের ১/৪ প্রতিটি ছাগল/ভেড়াকে খাওয়াতে হবে।
ঘোড়াঃ ৫-১০ মি.গ্রা. মেবেন্ডাজল প্রতি কেজি দৈহিক ওজনের জন্যে প্রয়োগ করতে হবে।
কুকুরঃ ২৫-৫০ মি.গ্রা. মেবেন্ডাজল প্রতি কেজি দৈহিক ওজনের জন্যে দিনে ২ বার হিসাবে পর পর ৫ দিন প্রয়োগ করতে হবে।
অথবা রেজিস্টার্ড প্রাণি চিকিৎসকের পরামর্শ অনুযায়ী ব্যবহার্য।
নেমাডেক্স (ভেট) বোলাস পানিতে গুলিয়ে কিংবা কোন খাদ্যের সাথে যেমন-চিটাগুড়, রাবের সাথে মিশিয়ে কিংবা কলাপাতায় মুড়িয়ে সরাসরি মুখে খাওয়াতে হবে।

প্রতিনির্দেশনাঃ মেবেন্ডাজল-এর প্রতি অতিসংবেদশীল প্রাণিদের ক্ষেত্রে **নেমাডেক্স (ভেট)** বোলাস প্রতিনির্দেশিত

সতর্কতাঃ গর্ভাবস্থার প্রথম ০৪ (চার) মাসে ১৫.মি.গ্রা./কেজি বা তার বেশি মাত্রায় মেবেন্ডাজল প্রয়োগ করা উচিত নয়, এক্ষেত্রে বিশেষ সতর্কতা অবলম্বন করা উচিত।

পার্শ্বপ্রতিক্রিয়াঃ মেবেন্ডাজল খুবই নিরাপদ কৃমিনাশক। এর কার্যত কোন পার্শ্বপ্রতিক্রিয়া নেই। ব্যাপক সংক্রমণ ও কৃমি নির্গত হওয়ার সময় মাঝে মাঝে ক্ষণস্থায়ী পেট ব্যাথা বা ডায়রিয়া দেখা দিতে পারে।

গর্ভবতী, দুগ্ধবতী বা ডিমপাড়া প্রাণিতে ব্যবহারঃ গর্ভাবস্থার প্রথম ০৪ (চার) মাসে ১৫মি.গ্রা./কেজি বা তার বেশি মাত্রায় মেবেন্ডাজল প্রয়োগ করা অনুচিত।

ঔষধের মিথষ্ক্রিয়াঃ
ঔষধের সাথে-সিমেটিডিনের সাথে একযোগে প্রয়োগে যকৃতে মেবেন্ডাজলের বিপাকক্রিয়া বাধাগ্রস্থ হয় যার ফলে ঔধধের প্লাজমা ঘনত্ব বৃদ্ধি পায়, বিশেষত দীর্ঘায়িত চিকিৎসার সময়।
খাদ্য ও অন্যান্যর সাথে-অজানা।

মাত্রাধিক্যতাঃ উচ্চ মাত্রায় মেট্রোনিডাজলের সাথে মেবেন্ডাজল একযোগে প্রয়োগ করা হলে গুরুতর এপিডার্মাল নেক্রোলাইসিস ঘটতে পারে।

প্রত্যাহারকালঃ মাংস-০৬ দিন এবং দুধ-০৩ দিন।

সংরক্ষণঃ আলো থেকে দূরে, ঠান্ডা (৩০° সেঃ তাপমাত্রার নিচে) ও শুষ্ক স্থানে রাখুন। সকল ঔষধ শিশুদের নাগালের বাইরে রাখুন।

সরবরাহঃ ৫x৪ বোলাস/বক্স এবং ১০x৪ বোলাস/বক্স।

শুধুমাত্র প্রাণি চিকিৎসায় ব্যবহার্য



প্রস্তুতকারক ঃ
সুপার পাওয়ার ফার্মাসিউটিক্যালস্ লিঃ
বেলাব, নরসিংদী, বাংলাদেশ।
Super Power Web: www.superpowerpharma.com